

৫৩০ বোতল ফেন্সিডিল ও মিনি ট্রাকসহ ০৪ জন গ্রেফতার



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নাটোর সার্কেল একটি টিম অদ্য ০৯/০৩/১৫ ইং তারিখ রোজ সোমবার সকাল ০৯.০০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে নাটোর সার্কেল পরিদর্শক জনাব শাহজালাল খান এর নেতৃত্বে সার্কেল স্টাফগণ নাটোর জেলার বড়াইগ্রাম থানাধীন বনপাড়া হাটিকুমরুল মহাসড়কের মাঝগাঁও ইউনিয়ন পরিষদের সামনে ঢাকা

গামী একটি হলুদ মিনি ট্রাক আটক করিয়া উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম, জনাব মোঃ রুহুল আমিন এর উপস্থিতিতে তল্লাশী করিয়া ট্রাকের পিছনে ত্রিপলদ্বারা ঢাকা ০৬টি বাশের ঝুড়িতে নাইনলেনের নেট দ্বারা বাধা ও পুরাতন প্লাষ্টিকের ভাঙড়ীর নিচে চটের বস্তা দ্বারা আবৃত প্লাষ্টিক বোতলে কোডিন মিশ্রিত তরল মাদকদ্রব্য বানিজ্যিক নাম ফেন্সিডিল (১৪৮+১২৮+৬৪+৬০+৬৪+৬৬) =৫৩০(পাঁচশত ত্রিশ) বোতল ও একটি হলুদ রংয়ের মিনি ট্রাক নং পাবনা ন-১১-০০৩৩ সহ আসামী (১) মোঃ শামীম(২৮)(ড্রাইভার), পিং-মোঃ আব্দুর রাজ্জাক, সাং-চামটা(হলিদাগাছী), থানা-চারঘাট, জেলা-রাজশাহী, (২) মোঃ কেতারুল ইসলাম(২৫)(হেলপার), পিং-মৃত বিশারত আলী, (৩) মোঃ আবুল কাশেম(৫০) পিং-মৃত কলিম উদ্দিন, (৪) মোঃ বাসেত আলী(৫০), পিং-মৃত নুর ইসলাম, সকলের সাং-উত্তর উজিরপুর, থানা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ কে আটক করা ও আসামী গাড়ীর মালিক মোঃ আবুল কালাম(৩৩), পিং-মোঃ রাজু, সাং-উত্তর উজিরপুর, থানা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ পলাতক। আসামীদের বিরুদ্ধে পরিদর্শক জনাব শাহজালাল খান বাদী হয়ে বড়াইগ্রাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ সনের ১৯(১) টেবিলের ৩(খ), ১৯(৪), ২১ ও ২৫ ধারায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। বড়াইগ্রাম থানার মামলা নং-১৩ তাং-০৯/০৩/১৫ ইং।